


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
বিলাইছড়ি, রাংগামাটি।

স্মারক নং- ৭৪৬

তারিখ : ০৭.১২.২০২১খ্রি.

বিষয় : কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০৯.১২.২০২১খ্রি. তারিখে সকাল ১০.০০ ঘটিকায় কৃষি ও সেচ কমিটির এক জরুরী সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সম্মানীত সদস্য বৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


  
উপজেলা কৃষি অফিসার( )  
বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা  
ও  
সদস্য সচিব  
কৃষি ও সেচ কমিটি

স্মারক নং- ৭৪৬

তারিখ : ০৭.১২.২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।
- ৩। জনাব ....., সদস্য, কৃষি ও সেচ কমিটি, উপজেলা পরিষদ বিলাইছড়ি।
- ৪। অফিস নথি।

  
উপজেলা কৃষি অফিসার( )  
বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা  
ও  
সদস্য সচিব  
কৃষি ও সেচ কমিটি

## কৃষি ও সেচ কমিটির ডিসেম্বর/২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


সভাপতি : উৎপলা চাকমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।  
সভার স্থান : সভাপতির অফিস কক্ষ, তারিখ : ০৯/১২/২০২১খ্রি. সময় : সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট-“ক”

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব শাহদাত হোসেন, উপজেলা কৃষি অফিসার বিলাইছড়িকে অনুরোধ জানানো হয়।

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
০১.	বিভাগীয় কার্যক্রম	বর্তমানে বোরো ধানের বীজতলা, শীতকালীন সবজির বীজতলা এবং আমন ধান কর্তন সহ মাঠে দণ্ডয়মান ফসলের রোগ বালাইয়ের আক্রমণ নিয়ে আলোচনা করা হয়।	কৃষকদের সচেতন করার লক্ষ্যে ব্লকে নিয়োজিত উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে বোরো ধানের বীজতলা, শীতকালীন সবজির বীজতলা তৈরীর জন্য প্রচারণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২.	সার পরিস্থিতি	সকল বিসিআইসি সার ডিলার এবং খুচরা সার বিক্রেতাদের সরকারী নীতিমালা অনুযায়ী ব্যবসা পরিচালনা করার ও সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।	সকল বিসিআইসি সার ডিলার এবং খুচরা সার বিক্রেতাদের সরকারী নীতিমালা অনুযায়ী ব্যবসা পরিচালনা করার এবং কঠোর মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(উৎপলা চাকমা)

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।

ও

সভাপতি


কৃষি ও সেচ কমিটি

স্মারক নং- ৭৮৬

তারিখ : ০৭/১২/২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।
- ৩। অফিস নথি।

  
০২/১২/২১

উপজেলা কৃষি অফিসার,  
বিলাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা

ও

সদস্য সচিব

কৃষি ও সেচ কমিটি